দ্বিতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৪৮৮

তারিখঃ ১৫ পৌষ, ১৪২৭
৩০ ডিসেম্বর, ২০২০

বিষয়ঃ চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন পুর্ব কালচৌ জি.এ দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ ফারুক হোছাইন খাঁন -এর পূর্ণ বেতন ভাতা পাওয়ার আবেদন।

সূত্র: (১) পুর্ব কালচৌ জি.এ দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর এর সুপার জনাব মোঃ ফারুক হোছাইন খান এর আবেদন তারিখ: ০৮.০৯.২০১৯ খ্রি.
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৮৬ তারিখ: ১২.১১.২০১৭ খ্রি.
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-১০৩ তারিখ: ১৮.০২.২০১৯ খ্রি.
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-২৪৬ তারিখ: ০৮.০৫.২০১৯ খ্রি.
(৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৪১২ তারিখ: ১৮.০৮.২০১৯ খ্রি.
(৬) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৫৯৭ তারিখ: ১৯.১১.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র (১) মূলে আবেদন পত্রের মাধ্যমে জানা যায় যে, জনাব মোঃ ফারুক হোছাইন খান সুপার কর্তৃক পূর্ব কালচৌ জি.এ দাখিল মাদ্রাসায় গত ১৮.০৪.১৯ তারিখে পূর্ণ বেতন ভাতা প্রাপ্তির জন্য আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে সূত্র (৩) মূলে পূর্ণ বেতন ভাতা প্রদানের জন্য আদেশ জারি করা হয়। উক্ত আদেশের পরও প্রতিষ্ঠান কর্তৃক সুপারকে বেতন ভাতা (এম.পি.ও.) প্রদান করা হয় নাই।

০২. পরবর্তীতে ১৮.০৪.২০১৯ খ্রি. তারিখে মাদ্রাসার ম্যানেজিং কমিটির মেয়াদ না থাকার কারণ উল্লেখ করে টিএমইডি বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে সূত্র (৪) মূলে সভাপতির স্থলে বেতন ভাতা (এম.পি.ও.) বিলে স্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুরকে নির্দেশনা দেয়া হয়। উক্ত আদেশ লঙ্ঘন করার কারণ উল্লেখ করে সুপার কর্তৃক গত ১৬.০৬.২০১৯ তারিখে টিএমইডি বরাবর আবেদন করা হয়। তৎপ্রেক্ষিতে টিএমইডি কর্তৃক সূত্র (৫) মূলে বেতন ভাতার বিলে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া ও ভারপ্রাপ্ত সুপারের যৌথ স্বাক্ষর করার নির্দেশনাসহ অপরাপর নির্দেশনা জারি করা হয়।

০৩. উক্ত আদেশ উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর অমান্য করে বেতন ভাতার বিলে স্বাক্ষর না করে ক্ষমতাবিহীন সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের মাধ্যমে বেতন বিল করা হচ্ছে। কিন্তু সাময়িক বরখাস্তকৃত সুপারকে বেতন দেয়া হচ্ছে না। মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অনিয়ম অবগত করার পরও প্রাক্তন সভাপতি জনাব মোঃ আবু বক্কর মিয়াজীর নাম বাদ দিয়ে গত ০৪.০৭.২০১৯ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়াকে সভাপতি করে এ প্রজ্ঞাপন করা হয়।

০৪. টিএমইডি কর্তৃক সূত্র (৫) মূলে জারিকৃত পত্রের আদেশ বাস্তবায়ন না করার কারণে সুপার (সাময়িক বরখাস্তকৃত) পরবর্তী নির্দেশ দেয়ার জন্য সচিব, টিএমইডি বরাবর সূত্র (১) মূলে আবেদন করা হয়। উল্লেখ্য, সুপার (সাময়িক বরখাস্ত) মোঃ ফারুক হোছাইন খান-কে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বেতন ভাতাদি (এম.পি.ও.) প্রদান না করায় মহামান্য হাইকোর্টের (রিট পিটিশন নং-৩৬৫৭/১৫) নির্দেশনা এবং সে মতে টিএমইডি কর্তৃক প্রদত্ত নির্দেশনা সুস্পষ্ট লংঘন।

০৫. তাছাড়া টিএমইডি কর্তৃক সূত্র (৩), (৪), (৫) ও (৬) মূলে প্রেরণের পরও বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপার কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি যা সরকারের নির্দেশনা সরাসরি অমান্যের সামিল।

০৬. আরো উল্লেখ্য যে, জনবাল কাঠামো-২০১৮ এর ১৭.৪ এর নির্দেশনা মতে প্রাক্তন কমিটির সভাপতি বা অন্য কোন সদস্যের এম.পি.ও. বিলে স্বাক্ষরের এখতিয়ার নেই অথচ ক্ষমতাবিহীন প্রাক্তন সভাপতি এবং ভারপ্রাপ্ত সুপারের যৌথ স্বাক্ষরে উক্ত মাদ্রাসার এম.পি.ও. বিলে তৈরী হচ্ছে এবং পরিশোধিত হচ্ছে যা সরকারি বিধানের সুস্পষ্ট লঙ্ঘন। অন্যদিকে এখতিয়ারবিহীন ব্যক্তির স্বাক্ষরে এম.পি.ও. বিল তৈরী হচ্ছে এবং উক্ত বিলে দাবীকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক পরিশোধিত হচ্ছে, ফলে ব্যাংক কর্তৃকও সরকারি বিধান লঙ্ঘন করা হচ্ছে।

০৭. এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(ক) মহামান্য হাইকোর্টের রিট মামলার নির্দেশনা অনুযায়ী এবং সূত্র (৩), (৫) ও (৬) মূলে টিএমইডি কর্তৃক প্রদত্ত পত্রের নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ না করায় ভারপ্রাপ্ত সুপারের {(জনাব মো: আবু নোমান) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১৮ অনুচ্ছেদ অনুযায়ী} বিরুদ্ধে কেন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে না; এ মর্মে কারণ ব্যাখ্যার জন্য ভারপ্রাপ্ত সুপার বরাবর পত্র প্রেরণ; এবং

(খ) মন্ত্রণালয়ের (টিএমইডি) পূর্বের নির্দেশনা না মানার কারণে ব্যাখ্যাসহ চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন পূর্ব কালচৌ জি.এ দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ ফারুক হোছাইন খাঁন এর এম.পি.ও. না দেয়ার কারণ জানানোর (ইউএনও, কচুয়া, চাঁদপুর হতে সংগ্রহক্রমে)।

০৮. এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমাণকসহ) গত ০৪.১২.২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য (৬)-নং স্মারকমূলে অনুরোধ করা হয়েছিল। নির্ধারিত তারিখের পর ৩৮৯ (তিনশত উননব্বই) দিন অতিবাহিত হলেও উক্ত বিষয়ে তথ্য পাওয়া যায়নি বিধায় এ বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি আগামী ১০.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে **দ্বিতীয় বার** অনুরোধ করা হলো।

৩০/১২/২০২০

(মোঃ আঃ খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
☏: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. জনাব মোঃ ফারুক হোছাইন খান, সুপার, পূর্ব কালচৌ জি.এ দাখিল মাদ্রাসা, ডমুরিয়া, কচুয়া, চাঁদপুর।
৫. অফিস কপি।